58

দৈনিক বাংলা

তারিখ 08 APR 1996
পৃষ্ঠা ৬ কলাম ৫

# কয়েকটি পরীক্ষা কেন্দ্রে শিক্ষা উপদেষ্টা

রোববার দেশের ছয়টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি এবং দাখিল পরীক্ষা সারাদেশে শুরু হয়েছে।

শিক্ষা, সংস্কৃতি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক এম শামসুল হক রোববার রাজধানীতে কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। খবর তথ্য বিবরণীর।

পরিদর্শনকালে তিনি গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, ওয়েস্ট ধানমন্ডি ইউসুফ হাইস্কুল, কাদেরিয়া তৈয়্যেবিয়া আলীয়া মাদ্রাসা এবং মোহাম্মদপুর গবর্নমেন্ট হাইস্কুল পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন।

তিনি পরীক্ষা কেন্দ্রসমূহের কর্তৃপক্ষের সঙ্গে পরীক্ষার সুষ্ঠু পরিচালনার প্রস্তুতিসহ বিভিন্ন খুঁটিনাটি বিষয় সম্পর্কে খোঁজ-খবর নেন।

শিক্ষা উপদেষ্টা বিভিন্ন কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় থাকায় এবং সুষ্ঠু পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।